# Times Today BD

মো. তাহসিন হাসান | দেশজুড়ে | 13 July, 2025

কক্সবাজারের উখিয়ায় পুলিশের অভিযানে বিপুল পরিমাণ বার্মিজ 'ওরিস' ব্র্যান্ডের অবৈধ সিগারেট জব্দ করা হয়েছে।এ ঘটনায় দুইজনকে আটক করেছে উখিয়া থানা পুলিশ।

গত শনিবার (১২ জুলাই) দুপুর ২টার দিকে উপজেলার হলদিয়াপালং ইউনিয়নের ধুরুমখালী এলাকায় গোয়েন্দা তথ্যের ভিত্তিতে এই অভিযান চালানো হয়।

অভিযানে মাহমুদুল হকের বসতবাড়িতে মজুদকৃত ৪৮০ ডান্ডা বার্মিজ 'ওরিস' ব্র্যান্ডের সিগারেট উদ্ধার করা হয়।প্রতিটি ডান্ডায় ২০০টি করে মোট ৯৬,০০০ শলাকা সিগারেট পাওয়া যায়।যার বাজারমূল্য আনুমানিক ৯ লক্ষ ৬০ হাজার টাকা।

আটককৃতরা হলেন, হলদিয়াপালং ইউনিয়নের ৮নং ওয়ার্ডের জনাব আলী পাড়া গ্রামের নুরুল আলমের ছেলে মাহমুদুল হক (৪৮) ও একই এলাকার আশরাফ আলীর ছেলে শরিফুল আলম (২২)।

পুলিশ জানায়, আটককৃতরা দীর্ঘদিন ধরে সীমান্তপথে অবৈধভাবে বার্মিজ সিগারেট দেশে এনে স্থানীয় বাজারে সরবরাহ করে আসছিল।উদ্ধারকৃত সিগারেটগুলো বিক্রির উদ্দেশ্যে গোপনে মজুদ করা হয়েছিল।

উখিয়া থানার অফিসার ইনচার্জ (ওসি) মুহাম্মদ আরিফ হোসাইন বলেন, গোপন সংবাদের ভিত্তিতে ধুরুমখালী এলাকায় অভিযান চালিয়ে মজুদ করা বিপুল পরিমাণ বার্মিজ 'ওরিস' সিগারেট উদ্ধার করা হয়েছে।এ ঘটনায় জড়িত দুইজনকে আটক করা হয়েছে এবং তাদের

বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে।তিনি আরও বলেন এই ধরনের অবৈধ চোরাচালান রোধে পুলিশের নিয়মিত অভিযান চলবে।উখিয়ার ধুরুমখালীতে বিপুল পরিমাণ বার্মিজ সিগারেটসহ দুইজন আটক করেছে পুলিশ।

কক্সবাজার

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 18:18

URL: https://timestodaybd.com/public/across-the-country/967184655